# মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

কলেজ কোড: ১৩৭৪

মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

EIIN: 136788

## একাদশ শ্রেণিতে বিজ্ঞান (বাংলা ও ইংরেজি ভার্শন), ব্যবসায় শিক্ষা (বাংলা ভার্শন) ও মানবিক (বাংলা ভার্শন) শাখায় শিক্ষার্থী ভর্তি চলছে

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত মিরপুর সেনানিবাসে অবস্থিত বিশ্বমানের অত্যাধুনিক নান্দনিক শিক্ষাবান্ধব পরিবেশে সর্বোচ্চ নিরাপত্তায় অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর তত্ত্বাবধানে মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি চলছে।

| বিভাগ | মাধ্যম | ন্যূনতম জিপিএ | | অনলাইন/এসএমএস এর মাধ্যমে আবেদন | বোর্ড কর্তৃক নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ | নিশ্চায়ন | ভর্তি কার্যক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ ও অন্যান্য | বিশেষ কোটা (SQ) | | | | |
| বিজ্ঞান | বাংলা | ৫.০০ | উন্মুক্ত | ১ম পর্যায়: ০৮/০১/২২-১৫/০১/২২<br>২য় পর্যায়: ০৭/০২/২২-০৮/০২/২২<br>৩য় পর্যায়: ১৩/০২/২২ | ১ম পর্যায়: ২৯/০১/২২<br>২য় পর্যায়: ১০/০২/২২<br>৩য় পর্যায়: ১৫/০২/২২ | ১ম পর্যায়: ৩০/০১/২২-০৬/০২/২২<br>২য় পর্যায়: ১১/০২/২২-১২/০২/২২<br>৩য় পর্যায়: ১৬/০২/২২-১৭/০২/২২ | ১৯/০২/২২ হতে ২৪/০২/২২ |
| বিজ্ঞান | ইংরেজি | ৪.৫০ | | | | | |
| ব্যবসায় শিক্ষা | বাংলা | ৪.০০ | | | | | |
| মানবিক | বাংলা | ৩.০০ | | | | | |

## প্রতিষ্ঠানের আকর্ষণীয় বৈশিষ্ট্যসমূহ

১। প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রাজ্ঞ শিক্ষকমণ্ডলী কর্তৃক পাঠদান

২। অত্যাধুনিক বিজ্ঞানাগার

৩। স্মার্ট বোর্ডের মাধ্যমে ক্লাস পরিচালনা করা হয়

৪। অনলাইন ও এসএমএস এর মাধ্যমে টিউশন ফি প্রদান

৫। অত্যাধুনিক ইন্টারেক্টিভ মাল্টিমিডিয়া প্রযুক্তির আদলে সাজানো শ্রেণিকক্ষ

৬। শীতাতপ নিয়ন্ত্রিত আধুনিক আইসিটি ল্যাব

৭। সমৃদ্ধ ই-লাইব্রেরি

৮। এম্ফিথিয়েটার

৯। বিষয়ভিত্তিক গ্যালারি

১০। শ্রেণিকক্ষসহ সম্পূর্ণ প্রতিষ্ঠান সার্বক্ষণিক আইপি ক্যামেরার মাধ্যমে পর্যবেক্ষণ।

কলেজের EIIN নম্বর ১৩৬৭৮৮ ব্যবহার করে অনলাইন (website:www.xiclassadmission.gov.bd)/এসএমএস এর মাধ্যমে আবেদন করতে হবে। ভর্তি সংক্রান্ত সকল তথ্য প্রতিষ্ঠানের ভর্তি তথ্য কেন্দ্রে সকাল ১০০০ ঘটিকা হতে দুপুর ১৩০০ ঘটিকা পর্যন্ত পাওয়া যাবে। বিশেষ কোটায় (**SQ**) আবেদন করার যোগ্য প্রার্থী সেনাবাহিনীতে কর্মরত ও অবসরপ্রাপ্ত, ঢাকায় কর্মরত MES (Army) যারা প্রতিরক্ষা খাতে বেতনভুক্ত, ঢাকায় অবস্থিত সেনা ইউনিটে কর্মরত ও প্রতিরক্ষা খাত হতে বেতনভুক্ত বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান। বিশেষ কোটায় (SQ) আবেদনকারীদের কোটার স্বপক্ষের কাগজপত্র বোর্ড কর্তৃক নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশের পূর্বে প্রতিষ্ঠানে জমাদান পূর্বক প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদন করাতে হবে। অবসরপ্রাপ্ত বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী SQ কোটার অন্তর্ভুক্ত হবে না। যোগাযোগ: ০১৫৫১৪০০৮০০, ০১৫৫২৩৮৪৩৫৯ (বিজ্ঞান), ০১৯১৪৯৪৪৫১৭ (ব্যবসায় শিক্ষা), ০১৯৫৭৪২৩৩২৫ (মানবিক), website:www.mcpsc.edu.bd, FB: https://www.facebook.com/mcpsc.edu

# Mirpur Cantonment Public School & College

College Code: 1374

Mirpur Cantonment, Dhaka-1216.

EIIN: 136788

## In the class of eleven, admission in science (Bangla & English version), Business Studies (Bangla version) and Humanities (Bangla version) is going on.

Under the supervision of experienced teachers in world-class sophisticated aesthetically educative environment located in Mirpur Cantonment, organized by the Bangladesh Army, admission in Class Eleven (XI) is going on in the year 2021-2022 in Mirpur Cantonment Public School and College.

| Category | Version | Minimum GPA | | Application through Online/SMS | List of selected students by the board | Confirmation | Admission |
|---|---|---|---|---|---|---|---|
| | | General & Others | Military | | | | |
| Science | Bangla | 5.00 | Open | 1st stage: 08/01/22-15/01/22<br>2nd stage: 07/02/22-08/02/22<br>3rd stage: 13/02/22 | 1st stage: 29/01/22<br>2nd stage: 10/02/22<br>3rd stage: 15/02/22 | 1st stage: 30/01/22-06/02/22<br>2nd stage: 11/02/22-12/02/22<br>3rd stage: 16/02/22-17/02/22 | 19/02/22 to 24/02/22 |
| Science | English | 4.50 | | | | | |
| B.Studies | Bangla | 4.00 | | | | | |
| Humanities | Bangla | 3.00 | | | | | |

## The spectacular Features of Institution

1. Teaching with experienced and learned teachers.
2. Sophisticated science wing
3. Conducting classes with Smart Board.
4. Theme based gallery
5. Well furnished classrooms with moderate and interactive multimedia technology.
6. Air conditioned modern ICT lab
7. Enriched E-library
8. Amphitheater
9. Facilitating tuition fees through online and SMS.
10. The entire institution including the classrooms is constantly monitored by the CCTV cameras.

Students are to apply through online/SMS using the EIIN number (136788) of college. Admission related information will be available from 10:00am – 01:00pm at the admission center/desk of college. Applicants with parents both serving officers & employees in army as well as having retired from it & those serving in Dhaka (MES Army) work stations and drawing salary from the defense sector, or civilian officers & employees currently serving in the military and residing in Dhaka with salary drawn from defense sector are eligible to apply under special quota (SQ). Applicants must submit all attested documents in support of their eligibility for SQ and they have to get it approved by the college authority before the publication of the list of selected students from board. Contact: 01551400800, 0152384359 (Science), 01914944517 (B.Studies), 01670889535 (Huminities), website: www.mcpsc.edu.bd, FB: https://www.facebook.com/mcpsc.edu

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/৩০২

তারিখ : ৩০/১২/২০২১

## ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২১

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাভুক্ত উচ্চমাধ্যমিক বিদ্যালয় এবং কলেজসমূহে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখের ৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-৩৩৬-শিক্ষা নং স্মারকে জারিকৃত একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২১ অনুসরণ করতে হবে।

১.০ সংজ্ঞা : এই নীতিমালায়

১.১ 'বোর্ড' বলতে সরকার কর্তৃক আইন দ্বারা স্বীকৃত কোন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বুঝাবে;

১.২ কলেজ/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান বলতে দেশের কোন বোর্ড হতে উচ্চমাধ্যমিক/সমমানের স্তরে পাঠদানের জন্য অনুমতিপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানকে বুঝাবে;

১.৩ 'নির্ধারিত ফরম' বলতে ভর্তির জন্য নির্ধারিত অনলাইন আবেদন ফরম বুঝাবে;

১.৪ 'শিক্ষার্থী'/'প্রার্থী' বলতে ছাত্র ও ছাত্রী উভয়কে বুঝাবে।

২.০ ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন:

২.১ ২০১৯, ২০২০,২০২১ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯, ২০২০ ও ২০২১ সালে এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২১-২২ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে। এছাড়া উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে চলতি বছরে উত্তীর্ণ শিক্ষার্থীসহ অন্যান্য বছরের শিক্ষার্থীরাও ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে।

২.২ বিদেশি কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (২.১) এর অধীনে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

২.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে:

২.৩.১ বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;

২.৩.২ মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং

২.৩.৩ ব্যবসায় গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোন একটি;

২.৩.৪ যে কোন বিভাগ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) থেকে উত্তীর্ণ শিক্ষার্থী গার্হস্থ্য অর্থনীতি ও সংগীত গ্রুপ এর যে কোন একটি;

২.৩.৫ মাদরাসা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং সাধারণ বিভাগ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি।

৩.০ প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি:

৩.১ ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এস.এস.সি. বা সমমান পরীক্ষার ফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

৩.২ কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৫% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। মেধার ভিত্তিতে ভর্তির পরে মোট আসনের ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কোটায় যদি প্রার্থী না পাওয়া যায় তবে এ আসন কার্যকরী থাকবে না। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। যে সকল শিক্ষার্থী প্রতিবন্ধী হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারাই সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়ালি ভর্তির জন্য আবেদন করতে পারবে। প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে বোর্ড উপযুক্ত প্রমাণপত্র যাচাই বাছাই পূর্বক শিক্ষার্থীকে (প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ন্যূনতম জি পি এ এক্ষেত্রে শিথিলযোগ্য হবে) ভর্তির ব্যবস্থা নিবে।

চলমান

৩.৩ ৩.৩.১ সমান জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এর ক্ষেত্রে গ্রেড পয়েন্ট ও প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করতে হবে। তাছাড়া বিভিন্ন সালের গ্রেড পয়েন্ট ও প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করতে হবে।

৩.৩.২ বিজ্ঞান গ্রুপে ভর্তির ক্ষেত্রে সমান মোট নম্বর প্রাপ্তদের মেধাক্রম নির্ধারণের ক্ষেত্রে সাধারণ গণিত ও উচ্চতর গণিত/জীববিজ্ঞানে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৩.৩.৩ দফা ৩.৩.২ এর বিধান সত্ত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত জটিলতা নিরসন না হয়, তবে পর্যায়ক্রমে ইংরেজি, পদার্থ বিজ্ঞান, রসায়নে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৩.৩.৪ মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর ক্ষেত্রে সমান মোট নম্বর বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৩.৩.৫ এক গ্রুপের প্রার্থী অন্য গ্রুপে ভর্তির ক্ষেত্রে জি.পি.এ একই হলে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। এক্ষেত্রে প্রার্থী বাছাইকল্পে উদ্ভূত জটিলতা নিরসন না হলে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৩.৪ এ নীতিমালায় যা কিছুই থাকুক না কেন স্কুল এন্ড কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ প্রতিষ্ঠান নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে স্ব স্ব বিভাগে (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। প্রতিষ্ঠানের নিজস্ব শিক্ষার্থীদের স্ব স্ব বিভাগে ভর্তি নিশ্চিত করেই কেবল অবশিষ্ট শূন্য আসনে প্রযোজ্য ক্ষেত্রে ধারা ৩.০ এর উপবিধান (৩.২) ও (৩.৩) অনুসরণ করে শিক্ষার্থী ভর্তি করানো যাবে। তবে এ সকল প্রতিষ্ঠানের সকল ভর্তিই অনলাইনে হবে।

৩.৫ কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ ন্যূনতম যোগ্যতা নির্ধারণ করতে পারবে।

৩.৬ কলেজ/সমমানের প্রতিষ্ঠানকে তাদের ভর্তি সংক্রান্ত সকল তথ্য ওয়েবসাইট এবং নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে।

৩.৭ সকল কলেজ/উচ্চমাধ্যমিক/সমমানের প্রতিষ্ঠান স্ব স্ব প্রতিষ্ঠানে মন্ত্রণালয় তথা শিক্ষা বোর্ড কর্তৃক ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ও সময় অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করবে। কোন প্রতিষ্ঠান মন্ত্রণালয় ও বোর্ড নির্ধারিত তারিখের বাইরে নিজ ইচ্ছামাফিক ভর্তি কার্যক্রম পরিচালনা করতে পারবে না।

৪.০ অনলাইনে ভর্তি:

৪.১ শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা: www.xiclassadmission.gov.bd

৪.২ শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫(পাঁচ)টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে;

৫.০ বিজ্ঞপ্তি, ভর্তি ও ফি:

৫.১ অনুচ্ছেদ ৮.২ অনুসরণপূর্বক কলেজ/সমমানের প্রতিষ্ঠান বোর্ড কর্তৃক নির্ধারিত আসন সংখ্যা (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ শিফট, পুরুষ/মহিলা/সহশিক্ষা, ভার্সন) এবং বোর্ড কর্তৃক নির্ধারিত ভর্তি ফিসহ অনুমোদিত অন্যান্য সকল ফি, ভর্তির ন্যূনতম যোগ্যতা ইত্যাদি তথ্য ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখ করে প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রকাশ করবে।

৫.২ বোর্ডের পূর্বানুমতি ব্যতীত নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। বোর্ডসমূহ স্ব স্ব অধিক্ষেত্রে অবস্থিত কলেজ/সমমানের প্রতিষ্ঠানে এই বিধানের ব্যত্যয় রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫.৩ অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের মেধাক্রম তালিকা কলেজের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট কলেজ/ সমমানের প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করবে;

৫.৪ ভর্তির সময় প্রার্থীকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র দাখিল করতে হবে;

চলমান

৫.৫ ৫.৫.১ এমপিওভূক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিম্নোক্তভাবে সেশন চার্জ ও ভর্তি ফি গ্রহণ করতে হবে। উল্লেখ্য এমপিওভূক্ত প্রতিষ্ঠানসমূহ কোনক্রমেই উন্নয়ন ফি গ্রহণ করতে পারবে না।

| ঢাকা মেট্রোপলিটন | | মেট্রোপলিটন (ঢাকা ব্যতীত) | | জেলা | | উপজেলা/মফস্বল | |
|---|---|---|---|---|---|---|---|
| বাংলা ভার্সন | ইংরেজি ভার্সন | বাংলা ভার্সন | ইংরেজি ভার্সন | বাংলা ভার্সন | ইংরেজি ভার্সন | বাংলা ভার্সন | ইংরেজি ভার্সন |
| ৫,০০০/- | ৫,০০০/- | ৩,০০০/- | ৩,০০০/- | ২,০০০/- | ২,০০০/- | ১,৫০০/- | ১,৫০০/- |

৫.৫.২ নন এম.পি.ও./ আংশিক এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে উন্নয়ন ফি, সেশন চার্জ ও ভর্তি ফি নিম্নোক্তভাবে গ্রহণ করতে হবে।

| ঢাকা মেট্রোপলিটন | | মেট্রোপলিটন (ঢাকা ব্যতীত) | | জেলা | | উপজেলা/মফস্বল | |
|---|---|---|---|---|---|---|---|
| বাংলা ভার্সন | ইংরেজি ভার্সন | বাংলা ভার্সন | ইংরেজি ভার্সন | বাংলা ভার্সন | ইংরেজি ভার্সন | বাংলা ভার্সন | ইংরেজি ভার্সন |
| ৭,৫০০/- | ৮,৫০০/- | ৫,০০০/- | ৬,০০০/- | ৩,০০০/- | ৪,০০০/- | ২,৫০০/- | ৩,০০০/- |

৫.৫.৩ সরকারি কলেজসমূহ সরকারি পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ফি সংগ্রহ করবে।

৫.৫.৪ দরিদ্র, মেধাবী ও প্রতিবন্ধী শিক্ষার্থী ভর্তিতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ উল্লিখিত ফি যতদূর সম্ভব মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫.৬ ভর্তি প্রক্রিয়ার পূর্বেই বেসরকারি কলেজে ভর্তির ক্ষেত্রে ভর্তি ফিসহ মাসিক বেতন এবং অন্যান্য যাবতীয় খরচ এর লিস্ট স্ব স্ব কলেজের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে;

৫.৭ কোন শিক্ষার্থীর নিকট হতে অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন অর্থ গ্রহণ করা যাবে না এবং অনুমোদিত সকল ফি যথাযথ রশিদ প্রদানের মাধ্যমে গ্রহণ করতে হবে।

৫.৮ শিক্ষা বোর্ড শিক্ষার্থীর নিকট হতে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করার সময় শিক্ষার্থী প্রতি নিম্নোক্ত ফি গ্রহণ করবে:

| ক্রমিক | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১. | রেজিস্ট্রেশন ফি | ১৩৫/- |
| ২. | ক্রীড়া ফি | ৫০/- |
| ৩. | রোভার /রেঞ্জার ফি | ১৫/- |
| ৪. | রেড ক্রিসেন্ট ফি (৪০/-টাকার ৪০%= ১৬/-টাকা) | ১৬/- |
| ৫. | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ৭/- |
| ৬. | বি.এন.সি.সি. ফি | ৫/- |
| **সর্বমোট** | | **২২৮/- টাকা** |

৫.৯ শিক্ষা প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থীর নিকট থেকে রেড ক্রিসেন্ট ফি বাবদ (৪০/- টাকার ৬০%) ২৪/- টাকা গ্রহণ করবে;

৫.১০ প্রতি শিক্ষা প্রতিষ্ঠানকে বার্ষিক ক্রীড়া মঞ্জুরি ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা বোর্ডে প্রেরণ করতে হবে;

৫.১১ ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর বোর্ডের বিজ্ঞপ্তির ভিত্তিতে শিক্ষার্থীরা বোর্ডের অনুমতি সাপেক্ষে প্রয়োজনীয় ফি প্রদান করে কলেজ, গ্রুপও বিষয় পরিবর্তন করতে পারবে। তবে মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ থেকে বিজ্ঞান গ্রুপে গ্রুপ পরিবর্তনের কোনো সুযোগ নেই। বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য গ্রুপে ভর্তি হওয়ার পর পরবর্তীতে ভর্তিকৃত কলেজে বিজ্ঞান গ্রুপে প্রত্যাবর্তণের কোন সুযোগ নেই তবে ভিন্ন প্রতিষ্ঠানে যোগ্যতা সাপেক্ষে বিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তণ করতে পারবে।

৫.১৩ ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা জমাদানের সময় প্রত্যেক প্রতিষ্ঠানকে বোর্ড কর্তৃক নির্ধারিত উল্লিখিত ফি এর বিবরণীর সাথে প্রতিষ্ঠান কর্তৃক খাতওয়ারি গৃহীত অন্যান্য ফি'র বিবরণী আলাদাভাবে জমা দিতে হবে।

চলমান

৬.০ ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু:

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৬.১ | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (যারা পুনঃ নিরীক্ষণের জন্য আবেদন করবে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ০৮/০১/২০২২ (শনিবার) থেকে ১৫/০১/২০২২ (শনিবার) |
| ৬.২ | আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি | ১৭/০১/২০২২ (সোমবার) থেকে ২১/০১/২০২২ (শুক্রবার) |
| ৬.৩ | শুধুমাত্র পুন:নিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ২২/০১/২০২২ (শনিবার) থেকে ২৩/০১/২০২২ (রবিবার) |
| ৬.৪ | পছন্দক্রম পরিবর্তনের সময় | আবেদনের তারিখ থেকে ২৪/০১/২০২২(সোমবার) |
| ৬.৫ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২৯/০১/২০২২ (শনিবার রাত ৮:০০ টায়) |
| ৬.৬ | শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ৩০/০১/২০২২ (রবিবার) থেকে ০৬/০২/২০২২ (রবিবার) |
| ৬.৭ | ২য় পর্যায়ে আবেদন গ্রহণ | ০৭/০২/২০২২(সোমবার) থেকে ০৮/০২/২০২২ (মঙ্গলবার রাত ৮:০০পর্যন্ত) |
| ৬.৮ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ১০/০২/২০২২ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়) |
| ৬.৯ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১০/০২/২০২২ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়) |
| ৬.১০ | ২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ১১/০২/২০২২ (শুক্রবার) থেকে ১২/০২/২০২২ (শনিবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ৬.১১ | ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ | ১৩/০২/২০২২ (রবিবার) |
| ৬.১২ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ১৫/০২/২০২২ (মঙ্গলবার রাত ৮:০০ টায়) |
| ৬.১৩ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১৫/০২/২০২২ (মঙ্গলবার রাত ৮:০০ টায়) |
| ৬.১৪ | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে) | ১৬/০২/২০২২ (বুধবার) থেকে ১৭/০২/২০২২ (বৃহস্পতিবার) |
| ৬.১৫ | ভর্তি | ১৯/০২/২০২২ (শনিবার) থেকে ২৪/০২/২০২২ (বৃহস্পতিবার) |
| ৬.১৬ | ক্লাস শুরু | ২মার্চ, ২০২২ (বুধবার) |

****** উল্লেখ্য অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না।**

৭.০ বিষয় ও গ্রুপ পরিবর্তন এবং কলেজ/সমমানের প্রতিষ্ঠান পরিবর্তন:

৭.১ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ছাড়া একাদশ শ্রেণিতে ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করা যাবে না। কিংবা বোর্ডের পূর্বানুমতি ব্যতীত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ছাড়পত্রের বরাতে ভর্তি করা যাবে না। ছাড়পত্রের (টিসি) মাধ্যমে ভর্তির ক্ষেত্রে কলেজ/সমমানের প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে এ ধরনের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফিসহ প্রয়োজনীয় কাগজ-পত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

চলমান

৭.২ কোন শিক্ষা প্রতিষ্ঠান কোন অবস্থাতেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে এস.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট উক্ত শিক্ষার্থী বা তার অভিভাবক ব্যতীত অন্য কোন ব্যক্তি বা শিক্ষা প্রতিষ্ঠানে হস্তান্তর করতে পারবে না বা অন্য কোন অজুহাতে কোন শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট আটক রাখতে পারবে না।

৮.০ অনুমতি বা স্বীকৃতিবিহীন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তি নিষিদ্ধ:

৮.১ স্থাপনের অনুমতি আছে কিন্তু পাঠদানের প্রাথমিক অনুমতি নেই এরূপ কলেজ/সমমানের প্রতিষ্ঠান শুধুমাত্র এ বছরই (২০২১-২০২২ শিক্ষাবর্ষ) শিক্ষার্থী ভর্তি করতে পারবে। আগামী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ হতে পাঠদানের অনুমতিবিহীন কলেজ/সমমানের প্রতিষ্ঠান কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করতে পারবে না।

৮.২ পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত অথবা স্বীকৃতিপ্রাপ্ত কোন কলেজ/সমমানের প্রতিষ্ঠানে অননুমোদিত ক্যাম্পাস এবং অননুমোদিত কোন বিষয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

৯.০ নীতিমালার প্রবর্তন ও প্রয়োগ:

৯.১ দেশের সকল সরকারি ও বেসরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে;

৯.২ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এই নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ কলেজটির এম.পি.ও.ভুক্তি বাতিল করা হবে এবং সরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

স্বাক্ষরিত/-
অধ্যাপক নেহাল আহমেদ
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মেমো নং- ৩০২(৭) তারিখ: ৩০/১২/২০২১

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক (সকল প্রতিষ্ঠান)

৭। পিএসটু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৮। অফিস কপি।

৩০/১২/২০২১

প্রফেসর আবু তালেব মো: মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৫৮৬১২৪৭৬
ইমেইল : ic@dhakaeducationboard.gov.bd